

বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

# (একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
(প্রশাসন শাখা-১)
www.rdcd.gov.bd

## জুন, ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোসাম্মৎ হামিদা বেগম<br>সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| সভার তারিখ ও সময় | : | ৩১/০৭/২০২৩ খ্রি., বিকাল ০৩:০০ ঘটিকা |
| সভার স্থান | : | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (ভবন নং-৭, কক্ষ নং-৬৩৩, ৭ম তলা), বাংলাদেশ সচিবালয়। |

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **'পরিশিষ্ট-ক'**তে প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন) গত ১৯/০৬/২০২৩ খ্রি. তারিখ অনুষ্ঠিত মে, ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী না থাকায় গৃহীত সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত প্রতিবেদন/তথ্যাদিসহ সকল বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১.</td><td>
<u>মামলা সংক্রান্ত:</u><br><br>
<u>এ বিভাগ:</u><br>
প্রতিটি দপ্তর/সংস্থা/প্রকল্পে মামলার ধরণ অনুযায়ী ফোকাল পয়েন্ট কর্মকর্তা দায়িত্বে নিয়োজিত রয়েছে। সিরডাপে মামলার ডাটাবেইজ ডিজিটাইজেশন উদ্ভাবন ধারণা বাস্তবায়ন বিষয়ক কর্মশালা ২১ জুন ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে।<br>
মামলার ডাটাবেইজ প্রণয়ন সম্পন্ন হয়েছে। দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তারা ডাটাবেইজ সফটওয়্যারে মামলাগুলি নিয়মিত পোস্টিং দিচ্ছেন। দপ্তর/সংস্থা হতে হালনাগাদ তথ্য পাওয়া গেছে।<br><br>
<u>অধীন দপ্তর/সংস্থা:</u><br><br>
<u>বিআরডিবি:</u><br>
মহাপরিচালক বিআরডিবি'র সভাপতিত্বে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় চলমান ১৩৯টি মামলা নিষ্পত্তির দ্রুত লক্ষ্যে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। সে নির্দেশনা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিআরডিবি'র চলমান মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে বিআরডিবি'র বিজ্ঞ আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবীগণকে দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে তাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা এবং চাহিত তথ্য/প্রয়োজনীয় কাগজপত্র যথাসময়ে প্রেরণ করা হয়। মামলার ডাটাবেজ সফটওয়্যারের কার্যক্রম দ্রুততম সময়ে সম্পন্ন করার লক্ষ্যে কাজ চলমান রয়েছে।<br><br>
<u>বিআরডিবি'র সকল ধরণের মামলার হালনাগাদ বিবরণ নিম্নরূপ (জুন ২০২৩):</u>
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>দপ্তর/ সংস্থার নাম</th><th>মামলার ধরন</th><th>ক্রমপুঞ্জিত মামলার সংখ্যা</th><th>বর্তমান মাসের নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা</th><th>বর্তমান মাসে দায়েরকৃত মামলা</th><th>বর্তমানে মোট মামলা সংখ্যা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td rowspan="3">১</td><td rowspan="3">বিআরডিবি</td><td>নিম্ন আদালত</td><td>১৮</td><td>-</td><td>-</td><td>১৮</td><td rowspan="4">উল্লিখিত মামলাগুলো হতে উদ্ভূত ১৬টি কনটেম্পট মামলা চলমান রয়েছে। উল্লেখ্য যে, ১৬ টি মামলার মধ্যে ১১টি কনটেম্পট মামলার মূল মামলা মহামান্য আদালতে নিষ্পত্তি হয়েছে। অর্থাৎ মূল মামলাটি চলমান নাই। তাই ১১টি কনটেম্পট মামলা দৈনন্দিন কার্যতালিকায় আসলে যে কোন সময় নিষ্পত্তি হয়ে যাবে।</td></tr>
<tr><td>হাইকোর্ট</td><td>৮৭</td><td>-</td><td>-</td><td>৮৭</td></tr>
<tr><td>আপিল বিভাগ</td><td>৩৪</td><td>-</td><td>-</td><td>৩৪</td></tr>
<tr><td colspan="3">মোট</td><td>১৩৯</td><td>-</td><td>-</td><td>১৩৯</td></tr>
</table>
</td><td>
<u>মামলা সংক্রান্ত:</u><br><br>
ক) মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে দপ্তর/সংস্থা প্রধানগণকে সক্রিয় ভূমিকা পালন করতে হবে।<br>
খ) অতিরিক্ত সচিব (আইন ও প্রতিষ্ঠান) এর সভাপতিত্বে প্রতি মাসে একবার এ সংক্রান্ত সভা আহবান করতে হবে এবং উক্ত সভায় সংশ্লিষ্ট আইনজীবীকে আমন্ত্রণ জানাতে হবে।<br>
গ) মামলার ডাটাবেজ প্রণয়ন সংক্রান্ত সফ্টওয়্যারের কার্যক্রম দ্রুততম সময়ে সম্পন্ন করতে হবে।<br>
ঘ) প্রত্যেক দপ্তর/সংস্থার নির্ধারিত ছক অনুযায়ী মামলার হালনাগাদ তথ্য প্রেরণ করতে হবে।
</td><td>অতিরিক্ত সচিব (আইন ও প্রতিষ্ঠান), উপসচিব (আইন), সিস্টেম এনালিস্ট, এ বিভাগ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রধান</td></tr>
</table>

**সমবায় অধিদপ্তর:**

রিট পিটিশন মামলাসমূহ নিস্পত্তির জন্য তদারকি জোরদার করা হয়েছে। সমবায় অধিদপ্তর হতে নিয়মিত প্যানেল আইনজীবীগণের সাথে যোগাযোগ রক্ষা করা হয়। পাশাপাশি বিজ্ঞ আদালত কর্তৃক প্রকাশিত ডেইলি কজলিস্ট দেখে মামলার তদারকি করা হয়।

মামলা দ্রুত নিস্পত্তির লক্ষ্যে সমবায় অধিদপ্তরে প্যানেল আইনজীবী নিয়োগ দেয়া আছে। মামলা নিস্পত্তির জন্য তাঁদের সাথে নিবিড় যোগাযোগ ও পত্রালাপ করা হয়। এ দপ্তরের ০২ জন পরিদর্শককে মামলা দ্রুত নিস্পত্তির লক্ষ্যে বিজ্ঞ আদালত, বিজ্ঞ এটর্নি জেনারেলের কার্যালয় ও বিজ্ঞ প্যানেল আইনজীবীগণের সাথে সরাসরি সহযোগিতা করার জন্য দায়িত্ব প্রদান করা হয়েছে। ওকালতনামা ও অন্যান্য প্রমাণাদি আইনজীবীকে দাখিলের ক্ষেত্রে অগ্রায়ণপত্রের মাধ্যমে প্রেরণ করা হয়ে থাকে।

**সমবায় অধিদপ্তরের চলমান মামলা সংক্রান্ত: রিট পিটিশন**

| মামলার ধরণ | গত মাসের মোট মামলার সংখ্যা | নিস্পত্তিকৃত মামলার সংখ্যা | বর্তমান মাসে দায়েরকৃত মামলা | বর্তমান মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| উচ্চ আদালত সমিতি ) (সংক্রান্ত | ৩৫৩ | - | ০১ | ৩৩৬ | মামলার কার্যকারিতা না থাকায় বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ কর্তৃক মামলার তালিকা হতে ১৮টি রিট মামলা বাদ দেয়া হয়েছে। |
| নিম্ন আদালত সমিতি ) (সংক্রান্ত | ১৫৩ | ০১ | ০২ | ১৪৯ | মামলার কার্যকারিতা না থাকায় বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ কর্তৃক মামলার তালিকা হতে ০৫টি নিম্ন আদালতের মামলা বাদ দেয়া হয়েছে। |
| প্রশাসনিক ট্রাইব্যুনাল | ১০ | - | - | ১০ | |
| প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল | ০৫ | - | - | ০৫ | |
| কনটেম্পট পিটিশন (সমিতি) | ০২ | - | - | ০২ | |
| কনটেম্পট পিটিশন (প্রশাসন) | ০৪ | | - | ০৪ | |
| রিট পিটিশন | ১৮ | - | ০১ | ১৯ | |
| দুর্নীতি দমন কমিশন | ০৪ | - | - | ০৪ | |
| মোট | ৫৪৯ | ০১ | ০৪ | ৫২৯ | |

**বার্ড, কুমিল্লা:**

বার্ড, কুমিল্লা'র মোট মামলার সংখ্যা ১২টি, তন্মধ্যে ০১টি কনটেম্পট মামলা রয়েছে। যদিও উক্ত মামলায় বার্ড-কে বিবাদী করা হয়েছে মূলত এই মামলার বা পিটিশনারদের সাথে বার্ডের কোন সংশ্লিষ্টতা নেই মর্মে প্রশাসনিক মন্ত্রণালয়কে বার্ডের স্মারক নং-৯১৩, তারিখ: ১০/০৫/২০২৩ এর মাধ্যমে জানিয়ে দেয়া হয়েছে। মামলাটির সাথে বিআরডিবি ও আরডিএ এর সংশ্লিষ্টতা রয়েছে। তাই উক্ত মামলার বিষয় বার্ড কোন পদক্ষেপ গ্রহণ করা থেকে বিরত রয়েছে। ০১টি রিট পিটিশন মামলার রায় গত ০৭/০৮/২০২২ তারিখ ঘোষণা করা হয়েছে মর্মে আইন ও বিচার বিভাগের সলিসিটর উইং কর্তৃক বার্ড-কে অবহিত করা হয়। উক্ত মামলাটির বিষয়ে উচ্চ আদালতে আপীল করার জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বিজ্ঞ প্যানেল আইনজীবীকে দায়িত্ব দায়িত্ব প্রদান করা হয়েছে। উক্ত রীট পিটিশন নং-৬৪৫৩/২০০৭ ওকালতনামা বিজ্ঞ আইনজীবীর নিকট প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ১০টি মামলা কজলিস্টে আনার জন্য বার্ড কর্তৃপক্ষ সার্বক্ষণিকভাবে বার্ডে নিয়োজিত বিজ্ঞ আইনজীবীর সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।

**আরডিএ, বগুড়া:**

আদালতে বিচারাধীন থাকা ০২টি কনটেম্পট মামলায় ও ০৪টি রীট মামালায় আরডিএ প্রতিপক্ষ আছে এবং মামলার গুরুত্ব বিবেচনায় নিয়ে আরডিএ'র পক্ষে আইনজীবী নিয়োগ দিয়ে তার মাধ্যমে আদালতে জবাব দাখিলসহ যথাযথভাবে কনটেস্ট করা হচ্ছে এবং নিয়মিতভাবে আইনজীবীর সাথে যোগাযোগ করা হচ্ছে। মামলার ধরণ ও গুরুত্ব বিবেচনায় নিয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ফোকাল পয়েন্ট) নিয়োগ করা হয়েছে।

**বাপার্ড, গোপালগঞ্জ:**

আদালতে বিচারাধীন বাপার্ডের কোন কনটেম্পট নেই। রীট পিটিশন নং-১০৮৪১/২০১৬-এর বিরুদ্ধে ফেব্রুয়ারি/২০২৩খ্রি: মাসে আপীল দায়ের করা হয়েছে। আপীল নং-৪২১/২০২৩। যা কার্যক্রম চলমান। রীট পিটিশন নং-২১১৩/২০১০-এর বিরুদ্ধে ফেব্রুয়ারি/২০২৩খ্রি: মাসে আপীল দায়ের করা হয়েছে। আপীল নং-৪২০/২০২৩। যা কার্যক্রম চলমান। উক্ত রীট পিটিশনের বিষয়ে মহামান্য হাইকোর্টের রুলনিশির প্রেক্ষিতে বাপার্ড এর স্মারক নং ১০ ও ১১ তারিখ ১২/০১/২০২২ খ্রি: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে জবাব প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে পউস বিভাগের আইন পরামর্শকের সহায়তায় মামলাটি ফেস করা হচ্ছে। পরবর্তীতে মাননীয় হাইকোর্ট মামলাটির শুনানীর প্রেক্ষিতে ১৫/০৬/২০২২ তারিখের আদেশে Rule Absolute করেছেন। উক্ত রায়ের বিরুদ্ধে বিবাদী জনাব ত্রীবেনী বাড়ৈ কর্তৃক ২৫/০৯/২০২২ তারিখে আপীল করা হয় যা উকিলের মাধ্যমে ২৬/১০/২০২২ তারিখে জানা যায়।

**পিডিবিএফ:**

পিডিবিএফ-এর বিভিন্ন আদালতে চলমান মামলাসমূহ পরিচালনা ও দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে পিডিবিএফ স্মারক নং:৭৩২, তারিখ ০৭ মার্চ, ২০২১ মোতাবেক ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে জনাব কে এম ইসরাফিল, ভারপ্রাপ্ত উপপরিচালক, প্রশাসন বিভাগকে দায়িত্ব প্রদান করা হয়। এছাড়া, উক্ত মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সক্রিয় রয়েছেন।পিডিবিএফ-এর ৩১ মে, ২০২৩ মাস পর্যন্ত চলমান মামলার সংখ্যা ছিলো ৬০টি। ৩০ জুন, ২০২৩ মাসে ০১টি মামলা তালিকাভুক্ত হয়। ৩০ জুন, ২০২৩ মাস পর্যন্ত মামলার স্থিতি = ৬১টি।

আদালতে চলমান মামলার তথ্য:

| মামলার ধরন | ৩১ মে ২০২৩ মাস পর্যন্ত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | বর্তমান মাসে দায়েরকৃত মামলা | বর্তমান ৩০ জুন, ২০২৩ পর্যন্ত স্থিতি |
|---|---|---|---|---|
| কনটেম্পট | ০৩ | - | - | ০৩ |
| রীট পিটিশন | ৩০ | - | - | ৩০ |
| সিভিল রিভিশন | ০৩ | - | - | ০৩ |
| ক্রিমিনাল রিভিশন | ০৩ | | | ০৩ |
| ফৌজদারী আপীল (অর্থ) | ০৪ | - | - | ০৪ |
| ফৌজদারী মিস কেস | ০১ | | - | ০১ |
| আপীল (সিপিএলএ/সিএমপি) হাইকোর্ট | ০৩ | - | ০১ | ০৪ |
| ফৌজদারী মামলা (সি,আর মামলা) | ০২ | - | | ০২ |
| শ্রম আদালত (১ম, ২য়, ৩য়) | ০৩ | - | - | ০৩ |
| শ্রম আপীল ট্রাইবুনাল | ০১ | - | - | ০১ |
| জজ কোর্ট (মানিস্যুট) | ০৬ | - | - | ০৬ |
| ভূমি আপীল বোর্ড | ০১ | - | - | ০১ |
| সর্বমোট | ৬০ | - | - | ৬১ |

**এসএফডিএফ:**

বিভিন্ন আদালতে এসএফডিএফএর চলমান- মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য এসএফডিএফ-এর ব্যবস্থপনা পরিচালক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছেন। ৪টি রিট পিটিশন মামলার বিষয়ে ফাউন্ডেশনের নিয়োজিত ফোকাল পয়েন্ট কর্মকর্তা আইনজীবীগণের সাথে যোগাযোগ অব্যাহত রেখেছেন।

মামলার ডাটাবেজ প্রণয়ন সংক্রান্ত সফট্ওয়্যারে ফাউন্ডেশনের ৪২টি মামলার মধ্যে ২১টি মামলার এন্ট্রি সম্পন্ন হয়েছে।

**মিল্ক ভিটা:**

১৫/০৫/২০২৩ খ্রি: তারিখ: সোমবার সকাল ১১:০০ ঘটিকায় সরাসরি "বৈঠক ভিডিও কনফারেন্সিং" এ অনুষ্ঠিত হয়।

| ক্র: ন: | দপ্তর/ সংস্থার নাম | মামলার ধরণ | ক্রমপুঞ্জিভূত মামলার সংখ্যা | বর্তমান মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | বর্তমান মাসে দায়েরকৃত মামলা | বর্তমানে মো মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড | দেওয়ানী আদালতে বিচারাধীন মামলা | ১২ (বার) টি | নাই | নাই | ১২ (বার) টি |
| | | ফৌজদারী আদালতে বিচারাধীন মামলা | ০৪ (চার) টি | নাই | নাই | ০৪ (চার) টি |
| | | শ্রম আদালতে বিচারাধীন মামলা | ০৫ (পাঁচ) টি | নাই | নাই | ০৫ (পাঁচ) টি |
| | | ভ্যাট সংক্রান্ত মামলা | ০২ (দুই) টি | নাই | নাই | ০২ (দুই) টি |
| | | ইনকাম ট্যাক্স সংক্রান্ত মামলা | ০৭ (সাত) টি | নাই | নাই | ০৭ (সাত) টি |
| | | হাইকোর্টে বিচারাধীন রীটপিটিশন মামলা | ৭১ (একাত্তর)টি | নাই | নাই | ৭১ (একাত্তর)টি |
| | | আপীল বিভাগে বিচারাধীন মামলা (সিপিএলএ নং- ৪৭/২০২০ ও ১৪৮ ২০২০) | ০২ (দুই)টি | নাই | নাই | ০২ (দুই)টি |
| | | | | | সর্বমোটঃ | ১০৩ (একশত তিন) টি। |

২.

**অডিট আপত্তি সংক্রান্ত:**

**এ বিভাগ এবং অধীন দপ্তর/সংস্থা:**

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং অধীন দপ্তর/সংস্থার জুন, ২০২৩ মাস পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপত্তি এবং নিষ্পত্তিকৃত অডিট আপত্তির তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো:

| মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থার নাম | মে/২৩ মাস পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা | জুন মাসের নিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা | অবশিষ্ট আপত্তির সংখ্যা (নতুন আপত্তিসহ) (সাধারণ অনুচ্ছেদ+ অগ্রীমঅনুচ্ছেদ+ প্রকল্প +পিএ কমিটিতে উপস্থাপিত) | ব্রডসীট জবাব প্রেরণের সংখ্যা | জড়িত টাকার পরিমান (লক্ষ টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | ০১টি | | ০১টি (অগ্রিম অনুচ্ছেদ) | - | ০.৮০ লক্ষ টাকা | ২০১৭-১৮ অর্থবছরের অনু: নং ১২ এর আপত্তিকৃত অর্থ চালানের মাধ্যমে জমা প্রদানের জন্য জনাব মো: মাসুদুর রহমান বিশ্বাসকে ০৭-০৬-২০২২ তারিখে তাগিদ পত্র প্রেরণ করা হয়েছে। |
| সমবায় অধিদপ্তর | ১৩৭টি | - | মোট-১৩৭টি সাধারণ অনুচ্ছেদ: ১৩০টি অগ্রিম অনুচ্ছেদ: ০৭টি পিএ কমিটি: ০০টি (পূর্ণাঙ্গ-৯০টি আংশিক-০৬টি) | ১৩৭ | ৫১৯.২১ লক্ষ টাকা | ১৫/০৫/২৩, ১৮/০৫/২৩ ও ২১/০৫/২৩ মাসে সমবায় অধিদপ্তর এবংমাঠ পর্যায়ের মোট ১২৯টি সাধারন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দ্বি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। সভায় ৬৯টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়। অবশিষ্ট ৬০টি আপত্তির বিষয়ে যথাযথ প্রমাণকসহ ব্রডশীট জবাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ক) বিআরডিবি | ৮২টি (পূর্ণাঙ্গ) (৭৫টি পূর্ণাঙ্গ ও ৭টি আংশিক ) | ০১টি (আংশিক) | ৯৬টি (নতুন ১৫টি সহ) সাধারণ অনুচ্ছেদ: ৫০টি অগ্রিম অনুচ্ছেদ: ৪২টি পিএ কমিটি: ০৭টি (পূর্ণাঙ্গ-৯০টি আংশিক-০৬টি) | ৮২টি | ৭০৩,৩০.২০ লক্ষ টাকা। | বর্তমানে সরকারি হিসাব সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির রিপোর্টভুক্ত অনিষ্পন্ন নিরীক্ষা আপত্তির সংখ্যা ০৭টি, জড়িত টাকার পরিমান ১,৯১.৬৩ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরের হিসাব নিরীক্ষায় সদর দপ্তর, রংপুর ও কুমিল্লা জেলা দপ্তরের মোট ১৫টি নতুন আপত্তি উত্থাপিত হয়েছে। জড়িত টাকার পরিমাণ ৪০৯,২২.৫৩ লক্ষ টাকা। |
| খ) বিআরডিবি (আমার বাড়ি আমার খামার সংশ্লিষ্ট) | ৩টি | - | ৩টি (পূর্ণাঙ্গ) | ৩ | ৪,০৯.৫৮ লক্ষ টাকা | - |
| মোট - বিআরডিবি | ৮৫টি (পূর্ণাঙ্গ-৭৮টি আংশিক -০৭টি) | ০১টি (আংশিক) | মোট-৯৯টি সাধারণ অনুচ্ছেদ: ৫০টি অগ্রিম অনুচ্ছেদ: ৪২টি পিএ কমিটি: ০৭টি (পূর্ণাঙ্গ-৯৩টি আংশিক-০৬টি) | ৮৫টি | ৭০৭,৩৯.৭৯ লক্ষ টাকা | - |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) | ৪৮টি | ০২ | মোট-৪৬টি সাধারণ অনুচ্ছেদ: ১৭টি অগ্রিম অনুচ্ছেদ: ২৪টি পিএ কমিটি: ০৫টি | ১৬টি | ১৬,৯৪.০০ লক্ষ টাকা | পিএ কমিটিতে উপস্থাপিত ০৫টি আপত্তির জবাব ১৩-১০-২০২২ তারিখে অডিট অধিদপ্তরের মাধ্যমে সিএজির কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। জড়িত টাকার পরিমান ৬.৭৪ লক্ষ টাকা। ৩০টি অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রেরণ প্রক্রিয়াধীন রয়েছে। |
| পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ) | ৪৮টি | - | মোট -৬৫টি (নতুন ১৭টি সহ মোট ৬৫টি) সাধারণ অনুচ্ছেদ: ২৬টি অগ্রিম অনুচ্ছেদ: ৩৬টি পিএ কমিটি: ০৩টি | ৪৮টি | ৬২,২০.০৬ লক্ষ টাকা | ২০২১-২২ অর্থ বছরের হিসাব নিরীক্ষায় ১৭টি নতুন আপত্তি উত্থাপিত হয়েছে। এতে জড়িত টাকার পরিমাণ ৭,৩৫.২২ লক্ষ টাকা। |
| বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড) | ১০টি | - | মোট-১০টি সাধারণ অনুচ্ছেদ: ০৬টি অগ্রিম অনুচ্ছেদ: ০৪টি পিএ কমিটি: ০০টি | - | ৭৯,৮৬.৮১ লক্ষ টাকা | ৯টি আপত্তির বিষয়ে জবাব প্রেরণের জন্য এলজিইডি-কে বাপার্ড কর্তৃক পত্র দেয়া হয়েছে। এলজিইডি হতে জবাব পাওয়ার পর ব্রডশীট জবাব পুনরায় প্রেরন করা হবে মর্মে বাপার্ড কর্তৃক অবগত করা হচ্ছে। |

**অডিট আপত্তি সংক্রান্ত:**

**ক)** সংশ্লিষ্ট অডিট অফিসের সাথে নিয়মিত আলোচনা করে আপত্তিসমূহ নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক হালনাগাদ তথ্য এ বিভাগে প্রেরণ করতে হবে।

**খ)** বিভাগ/দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তা অডিট আপত্তি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এ বিষয়ে নিয়মিত তদারকি করবেন।

**গ)** সকল অডিট আপত্তির Broad Sheet জবাব যথাসময়ে অডিট অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

**ঘ)** অনিষ্পন্ন অডিট আপত্তির জন্য নিয়মিতভাবে দ্বি-পক্ষীয়/ত্রিপক্ষীয় সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**ঙ)** অডিট আপত্তি হ্রাসের জন্য যথাযথভাবে বিধি বিধান অনুসরণপূর্বক আর্থিক কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**চ)** ইন-হাউজ প্রশিক্ষণ ক্যালেন্ডারে অডিট আপত্তি বিষয়ক প্রশিক্ষণ অন্তর্ভুক্ত করতে হবে।

অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট), উপসচিব (বাজেট),এ বিভাগ; দপ্তর/সংস্থা (সকল) এবং সিএএফও, পউসবি

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) | ২৩৬টি | | মোট-২৩৬টি<br>সাধারণ অনুচ্ছেদ: ১২১টি<br>অগ্রিম অনুচ্ছেদ: ৮৫টি<br>পিএ কমিটি: ৩০টি | ২৩৬টি | ২৩৮৫,৬৪.৫৭লক্ষ টাকা | PDBF মোট ৩০টি আপত্তি PA কমিটিতে উপস্থাপিত হয়েছে। জড়িত টাকার অংক ৪১.১৭ লক্ষ টাকা। সর্বশেষ গত ১২.০৪.২০২৩ তারিখে পিডিবিএফ এর ২০০৮-২০০৯ হতে ২০১৪-১৫ এবং ২০১৫-১৬ অর্থ বছরের মোট ০৫টি অডিট আপত্তির বিষয়ে পিএ কমিটির ১০৯ তম সভায় আলোচনা হয়েছে। সভার , কার্যবিবরণীর আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উক্ত সভায় ০১টি আপত্তি নিষ্পত্তি হয়েছে। |
| বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিল্ক ভিটা) | ১৯১টি | - | মোট-১৯১টি<br>সাধারণ অনুচ্ছেদ: ১৯টি<br>অগ্রিম অনুচ্ছেদ: ১৭২টি<br>পিএ কমিটি: ০০টি | ১৯১টি | ৩১১,২৪.০২ লক্ষ টাকা | |
| সর্বমোট= | ৭৫৬টি<br>(৭৪৯টি পূর্ণাঙ্গ ও ০৭টি আংশিক) | ০৩ | ৭৮৫টি<br>সাধারণ অনু: ৩৬৯টি<br>অগ্রিম অনু: ৩৭১টি<br>পিএ কমিটি: ৪৫টি<br>(পূর্ণাঙ্গ-৭৭৯টি আংশিক-০৬টি) | | ৩৫৬৮,৪৯.২৬ লক্ষ টাকা | |

*** দপ্তর/সংস্থাসহ এ বিভাগের মোট অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা- ৭৮৫** (সাধারণ অনু: ৩৬৯টি, অগ্রিম অনু: ৩৭১টি, পিএ কমিটি: ৪৫টি)

*** সর্বমোট জড়িত টাকার পরিমাণ ৩৫৬৮,৪৯.২৬ লক্ষ টাকা।**

৩. **শূন্য পদ পূরণ:**

**(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে:**

**এ বিভাগ:**

বর্তমানে এ বিভাগে ৩য় শ্রেণির ০৬টি এবং ৪র্থ শ্রেণির ০৮ টি শূন্য পদ রয়েছে।

**অধীন দপ্তর/সংস্থা:**

**বিআরডিবি:**

গত ৩০.০১.২০২২ খ্রি. তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ২৭ (সাতাশ) ক্যাটাগরির ৬২৬ টি পদের মধ্যে ইতোমধ্যে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার পদে ২২ জনকে এবং হিসাবরক্ষক পদে ২০৪ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে। ০৫ (পাঁচ) ক্যাটাগরিতে চূড়ান্তভাবে সুপারিশকৃত ৭৭ জন (সহকারী প্রোগ্রামার-১জন, গবেষণা কর্মকর্তা-৫ জন, উপ-সহকারী প্রকৌশলী-২জন, ক্যামেরাম্যান-১জন ও সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা-৬৮ জন) প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন কার্যক্রম চলমান আছে।

অর্থ বিভাগ কর্তৃক বিআরডিবি'র নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত গাড়িচালক, নিরাপত্তা প্রহরী, ইলেক্ট্রিশিয়ান, টেলিফোন অপারেটর এবং পাম্প চালকসহ মোট ০৫ (পাঁচ) ক্যাটাগরির ৫৭ (সাতান্ন) টি পদ আউটসোর্সিংযোগ্য উল্লেখপূর্বক নিয়োগ দেওয়ার সুযোগ নেই মর্মে জানানো হয়েছে। অবশিষ্ট ১৫ (পনের) ক্যাটাগরির ১০০ টি পদে নিয়োগ কার্যক্রম চলমান আছে।

**সমবায় অধিদপ্তর:**

বর্তমানে সরাসরি নিয়োগযোগ্য ৩য় ও ৪র্থ শ্রেণির মোট শূন্য পদের সংখ্যা নির্ধারণ করে ৩৫১ টি পদের ছাড়পত্র মন্ত্রণালয় হতে প্রদান করা হয়েছে। পূর্বে ছাড়কৃত ১৬০টি সহ মোট ৫১১টি পদের নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার লক্ষ্যে বিগত ১৯.০৫.২০২৩, ২৬.০৫.২০২৩, ০২.০৬.২০২৩ এবং ০৯.০৬.২০২৩ তারিখ প্রাথমিক বাছাই (MCQ) পরীক্ষা গ্রহণ করা হয় এবং প্রাথমিক বাছাই (MCQ) পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে।

চলমান নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার লক্ষ্যে মন্ত্রণালয়ের স্মারক নং- ২৪২(৪) এবং ২৪৩(৪) তারিখ-৩০.০৫.২০২৩ মূলে ৩৫১টি এবং ১৬০টি পদে জনবল নিয়োগের নিমিত্ত ২৮.০৬.২০২৪ তারিখ পর্যন্ত ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। মেয়াদের মধ্যে নিয়োগ সম্পন্ন করা হবে।

**বার্ড, কুমিল্লা:**

বার্ড, কুমিল্লায় সরাসরি নিয়োগের কোন তথ্য পাওয়া যায়নি।

**আরডিএ, বগুড়া:**

সরাসরি পূরণযোগ্য ৪৭টি শূন্য পদের ছাড়পত্র পাওয়া গেছে এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

**বাপার্ড, গোপালগঞ্জ:**

বাপার্ডে সরাসরি নিয়োগের কোন তথ্য পাওয়া যায়নি।

**শূন্য পদ পূরণ:**

**(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে**

শূন্য পদের তথ্য নির্ধারিত ছকে এবং শূন্য পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের হালনাগাদ তথ্য উপস্থাপন করতে হবে।

সকল দপ্তর/সংস্থা এবং এ বিভাগের সংশ্লিষ্ট শাখাসমূহ

**পিডিবিএফ:**

পিডিবিএফ-এর কার্যক্রম ০৮টি প্রশাসনিক বিভাগের ৫৫টি জেলায় ২৭টি আঞ্চলিক কার্যালয় এবং ৩৫৭টি উপজেলায় ৪০৩টি কার্যালয়ের মাধ্যমে পরিচালিত হয়ে আসছে।

**পিডিবিএফ এ বর্তমানে কর্মরত জনবলের তথ্য নিম্নরূপ: ৩০ জুন, ২০২৩ পর্যন্ত**

| | | |
|---|---|---|
| ১. | নিয়মিত কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা | ৩২৯৬ জন |
| ২. | চুক্তিভিত্তিক কর্মচারীর সংখ্যা | ৩৯২ জন |
| ৩. | দৈনিকভিত্তিক কর্মচারীর সংখ্যা | ২৮০ জন |
| ৪. | পিডিবিএফ সোলার প্রকল্পের কর্মচারীর সংখ্যা | ১০৯ জন |
| | সর্বমোট = | ৪০৭৭ জন |

পিডিবিএফ-এর পরিসেবার ক্ষেত্র ও কর্মপরিধির বিস্তৃতি, দেশব্যাপী কার্যক্রম সম্প্রসারণ এবং এ উদ্দেশ্যে নতুন ১০টি আঞ্চলিক কার্যালয় ও ১৩৫টি উপজেলা কার্যালয় স্থাপন এবং প্রকল্প এলাকা প্রস্তাবনা উপস্থাপনার প্রেক্ষিতে প্রতিষ্ঠানে জনবল নিয়োগের আবশ্যকতা তৈরী হয়েছে। কাজের গতিশীলতা বৃদ্ধি এবং আর্থিক স্বয়ম্ভরতা অর্জনের লক্ষ্যে পর্যাপ্ত সংখ্যায় বিভিন্ন বিষয়ে দক্ষ ও প্রযুক্তিগত বিবেচনায় সক্ষম জনবল নিয়োগ আবশ্যক, যাতে পিডিবিএফ পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের বিভিন্ন সূচকে উল্লেখযোগ্য অবদান রাখতে পারে।

প্রতিষ্ঠানের মাঠ পর্যায়ে মাঠ সংগঠক, সহকারী হিসাব কর্মকর্তা, উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা এবং উচ্চতর ব্যবস্থাপনা পর্যায়ে পরিচালক, অর্থ ও পরিচালক, প্রশাসন-এর শূন্য পদে সরাসরি নিয়োগের বিষয়টি বিবেচনায় পিডিবিএফ বোর্ড অব গভর্নর্স-এর ৮৫তম সভায় প্রতিষ্ঠানের শূন্য পদসমূহ পূরণকল্পে নিয়োগ সংক্রান্ত প্রশাসনিক কার্যক্রম পুন:সূচনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া, গত ০৮/০৪/২০২৩ তারিখে অনুষ্ঠিত পিডিবিএফ বোর্ড অব গভর্নর্স-এর ৯২তম বোর্ড সভায় পিডিবিএফ কর্মচারী চাকরি প্রবিধানমালা-৫/২০২৩ এবং সংগঠন ও সরঞ্জাম তালিকা অনুমোদিত হয়। তৎপরবর্তী ২৫ মে, ২০২৩ তারিখে অনুমোদিত প্রবিধানমালা গেজেট আকারে প্রকাশিত হয়। অনুমোদিত প্রবিধানমালা ও সংগঠনিক কাঠামোর পদসোপান অনুযায়ী শূন্য পদ নির্ধারণপূর্বক জনবল নিয়োগ সংক্রান্ত কার্যক্রম সূচনাকল্পে বাছাই কমিটি গঠনের প্রস্তাব আগামী ৯৪তম বোর্ড সভায় উপস্থাপিত হবে।

**এসএফডিএফ:**

বিবেচ্য মাসে সরাসরি নিয়োগের মাধ্যমে নিয়োগপ্রাপ্ত জনবলের তথ্য নিম্নরূপঃ

| ক্র. নং | পদের নাম | গ্রেড | সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদের সংখ্যা | ছাড়পত্রের মেয়াদ | নিয়োগ প্রক্রিয়ার সর্বশেষ অবস্থা | বিবেচ্য মাসে নিয়োগপ্রাপ্ত জনবলের সংখ্যা (জুন ২০২৩) |
|---|---|---|---|---|---|---|
| ১ | উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) | ৫ | ১ | - | - | - |
| ২ | সহকারী মহাব্যবস্থাপক (আইসিটি) | ৬ | ১ | - | - | - |
| ৩ | উপ-ব্যবস্থাপক (হিসাব) | ৯ | ১ | - | - | - |
| ৪ | উপজেলা ব্যবস্থাপক | ১০ | ১৭ | - | - | ১৭ |
| ৫ | মাঠ কর্মকর্তা | ১৪ | ২০ | - | - | ২০ |
| ৬ | মাঠ সংগঠক | ১৬ | ৭৫ | - | - | ৭৫ |
| ৭ | সহকারী হিসাব রক্ষক | ১৬ | ২ | - | - | ২ |
| মোট | | | ১১৭ | - | - | ১১৪ |

**মিল্ক ভিটা:**

মিল্ক ইউনিয়নের সহকারী ব্যবস্থাপক পদে সরাসরি নিয়োগ সংক্রান্ত তথ্যঃ

| ক্র: নং | পদের নাম | গ্রেড | শূন্যপদের সংখ্যা | সর্বশেষ নিয়োগের সংখ্যা | সর্বশেষ নিয়োগের তারিখ | বিবেচ্য মাসে নিয়োগ প্রাপ্ত জনবল সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| ০১. | সহকারী ব্যবস্থাপক | ৯ম | ৬৪ | ০২ | ০৫/০৫/২০১৯ | ০০ |

বি: দ্র: মিল্ক ইউনিয়নের সহকারী ব্যবস্থাপক পদের নিয়োগ কার্যক্রমের ৯ম গ্রেডের ১০(দশ) ক্যাটাগরির ৪৭ (সাতচল্লিশ)টি শূণ্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে সাময়িকভাবে নির্বাচিত এবং অপেক্ষামান প্রার্থীর ফলাফল প্রকাশ করেছে। পরবর্তী কার্যক্রম চলমান।

**(খ) পদোন্নতির মাধ্যমে:**

**এ বিভাগ:**

বর্তমানে এ বিভাগে ২য় শ্রেণির ০১টি পদ পিএসসির সুপারিশের মাধ্যমে পূরণযোগ্য।

**অধীন দপ্তর/সংস্থা:**

**বিআরডিবি:**

সর্বশেষ ০৭.০২.২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত বিআরডিবি'র ১নং নিয়োগ ও পদোন্নতি কমিটির সভায় ১৪ জন কর্মকর্তাকে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা পদে পদোন্নতি দেয়া হয়েছে। অবশিষ্ট পদসমূহে পদোন্নতি প্রদানের লক্ষ্যে ইতোমধ্যে চূড়ান্ত জ্যেষ্ঠতা তালিকা প্রকাশ করা হয়েছে এবং পদোন্নতিযোগ্য কর্মকর্তা/কর্মচারীদের দুদক কর্তৃক অনাপত্তি গ্রহণ করা হয়েছে। চূড়ান্ত জ্যেষ্ঠতা তালিকা ও দুদকের অনাপত্তি অনুসারে দ্রুততম সময়ের মধ্যে প্রাপ্যতা সাপেক্ষে বিধি মোতাবেক সকল পদে পদোন্নতি প্রদান নিশ্চিত করা হবে।

**(খ) পদোন্নতির মাধ্যমে**

পদোন্নতির হালনাগাদ তথ্য নির্ধারিত ছকে উপস্থাপন করতে হবে।

**সমবায় অধিদপ্তর:**

বিসিএস (সমবায়) ক্যাডারের ১ম শ্রেণির কর্মকর্তাগণের পদোন্নতির বিষয়ে সমবায় অধিদপ্তরের স্মারক নং- ৭৯৫-এ/ও, তারিখ- ১১/০৯/২০২২ মূলে প্রস্তাব প্রেরণ করা হয়। সে পরিপ্রেক্ষিতে বিগত ১১.০৫.২০২৩ তারিখ মন্ত্রণালয়ে বিভাগীয় পদোন্নতি/নিয়োগ বোর্ডের সভা অনুষ্ঠিত হয়। পরবর্তীতে মন্ত্রণালয়ের স্মারক নং- ২২৬, তারিখ- ২৪.০৫.২৩ মূলে ১ম শ্রেণির কর্মকর্তাগণের পদোন্নতির বিষয়ে কিছু তথ্যানুসন্ধান করে সমবায় অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয়ের পত্রের প্রেক্ষিতে স্মারক নং- ৬৮২-এ/ও; তারিখ- ০৩.০৭.২০২৩ মূলে যাচিত তথ্য প্রেরণ করা হয়েছে।

মন্ত্রণালয়ের স্মারক নং- ২৩৬; তারিখ-৩০.০৫.২০২৩ মূলে ২য় শ্রেণির পদ হতে ০৭ জন কর্মকর্তাকে ১ম শ্রেণির পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

৩য় শ্রেণির পদ হতে উপজেলা সমবায় অফিসার পদে পদোন্নতির কার্যক্রম চলমান রয়েছে।

সমবায় অধিদপ্তরের আদেশ নং-৩৯১-এ/ও, তারিখ- ১৩/০৪/২০২৩ মূলে ৪র্থ শ্রেণির ০১ জন কর্মচারীকে ৩য় শ্রেণির পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

**বার্ড, কুমিল্লা:**

কর্মচারী পর্যায়ে পদোন্নতি কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

**আরডিএ, বগুড়া:**

প্রথম শ্রেণির পদোন্নতিযোগ্য শূন্য পদসমূহে পদোন্নতির লক্ষ্যে ফিডার পদের কর্মকর্তাদের জ্যেষ্ঠতা তালিকা প্রণয়নের কাজ চলছে। তবে, হাইকোর্টে একটি রীট মামলা থাকায় জ্যেষ্ঠতা তালিকা প্রণয়ন বিলম্বিত হচ্ছে।

**বাপার্ড, গোপালগঞ্জ:**

বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)-এ ০৬ষ্ঠ গ্রেড ভুক্ত ০২ জন কর্মকর্তার পদোন্নতির মেয়াদ পূর্ণ হয়েছে বিধায় ডিপিসি সভা আহবানের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রস্তাব প্রেরণের প্রেক্ষিতে গত ২৫/৫/২০২৩ তারিখে সভা আহবানের সিদ্ধান্ত হয় কিন্তু অনিবার্য কারণবসত সভা স্থগিত করা হয়েছে। পরবর্তীতে পূণরায় সভা আহবানের জন্য অনুরোধ জানিয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে এবং সে মোতাবেক পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে।

**পিডিবিএফ:**

পদোন্নতির বিষয়টিও পিডিবিএফ বোর্ড অব গভর্নর্স-এর ৮৫তম সভায় উপস্থাপিত হলে পদোন্নতি সংক্রান্ত প্রশাসনিক কার্যক্রম পুন:সূচনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া, পিডিবিএফ কর্মচারী চাকরি প্রবিধানমালা-৫/২০২৩ এবং সংগঠন ও সরঞ্জাম তালিকা ইতঃমধ্যে অনুমোদিত হয়েছে। অনুমোদিত প্রবিধানমালা ও সংগঠনিক কাঠামোর পদসোপান অনুযায়ী পদোন্নতি সংক্রান্ত কার্যক্রম সূচনাকল্পে পদোন্নতি কমিটি গঠনের প্রস্তাব আগামী ৯৪তম বোর্ড সভায় উপস্থাপিত হবে।

**এসএফডিএফ:**

বিবেচ্য মাসে পদোন্নতির পদোন্নতির মাধ্যমে কোন পদ পূরণ করা হয়নি।

| ক্র. নং | পদের নাম | গ্রেড | পদোন্নতিযোগ্য শূন্য পদের সংখ্যা | সর্বশেষ পদোন্নতি সভার তারিখ | পরবর্তী পদোন্নতি সভার তারিখ | বিবেচ্য মাসে পদোন্নতি প্রাপ্ত জনবলের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| - | - | - | - | ২০-০২-২০২৩ | - | - |

**মিল্ক ভিটা:**

নির্দেশনা/সিদ্ধান্তের আলোকে পদক্ষেপ গ্রহণ করা হবে।

৪. **সাংগঠনিক কাঠামো হালনাগাদ, পদ সৃজন ও আইন/প্রবিধিমালা প্রণয়ন/সংশোধন:**

**এ বিভাগ:**

পদ সৃজন বা সাংগঠনিক কাঠামো সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে।

**অধীন দপ্তর/সংস্থা:**

**বিআরডিবি:**

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর সাংগঠনিক কাঠামোতে ৫৯৬ টি পদ সৃজনে সম্মতি প্রদান সংক্রান্ত প্রস্তাব গত ০৬.০৬.২০২৩ খ্রি. তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়াও অন্যান্য পদ সৃজন, পদ স্থায়ীকরণ, সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ ইত্যাদি কার্যক্রম চলমান রয়েছে।

বিআরডিবিকে অধিদপ্তরে রূপান্তর করার বিষয়ে গত ২৪.০২.২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ বিআরডিবি'র ৫২তম বোর্ড সভায় পরিচালনা পর্ষদকে অবহিত করা হয়। বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড আইন, ২০১৮ সংশোধনের প্রস্তাব পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিআরডিবি'র স্মারক নং-২৫৪৮, তারিখ: ১২.০৪.২০২২ খ্রি. মূলে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হয়। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পরামর্শ মোতাবেক বিআরডিবি'র আইন সংশোধনীর বিষয়ে বিআরডিবি'র বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত গ্রহণ করা হয়। আইন উপদেষ্টার মতামত পর্যালোচনাপূর্বক পল্লী উন্নয়ন বোর্ড আইন, ২০১৮ সংশোধন/রহিতকরণের খসড়া আইন প্রস্তুত করে গত ০৬.০৬.২০২৩ খ্রি. তারিখ পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া প্রবিধানমালা প্রণয়নের অংশ হিসেবে সকলের মতামত প্রাপ্তির পর বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড চাকরি প্রবিধানমালা ২০২৩ প্রণয়ন করা হয়েছে। যা শীঘ্রই পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হবে।

**সাংগঠনিক কাঠামো হালনাগাদ, পদ সৃজন ও আইন/প্রবিধিমালা প্রণয়ন/সংশোধন:**

**ক)** এ বিভাগ ও দপ্তর/সংস্থার সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ, পদ সৃজন, পদ স্থায়ীকরণ ও জনবল সংক্রান্ত কার্যক্রম যথাসময়ে হালনাগাদ করতে হবে।

**খ)** পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**গ)** সংস্থাসমূহের আইন, বিধিমালা, নীতিমালা প্রণয়ন/সংশোধন সংক্রান্ত তথ্য প্রতি সভায় উপস্থাপন করতে হবে।

সকল দপ্তর/সংস্থা এবং এ বিভাগের প্রশাসন অধিশাখা এবং শাখাসমূহ (প্রযোজ্য ক্ষেত্রে)

**সমবায় অধিদপ্তর:**
সাংগঠনিক কাঠামো হালনাগাদ, পদ সৃজন ও আইন/প্রবিধিমালা প্রণয়ন/সংশোধন সংক্রান্ত শূন্য প্রতিবেদন পাওয়া গেছে।

**বার্ড, কুমিল্লা:**
সাংগঠনিক কাঠামো সংশোধনের প্রস্তাব প্রক্রিয়াধীন রয়েছে।
বার্ড প্রবিধানমালা-২০০৯ সংশোধনের জন্য একটি কমিটি গঠন করা হয়। কমিটি কর্তৃক খসড়া প্রণয়ন করা হয়েছে। অধিকতর যাচাই-বাছাই কার্যক্রম শেষে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

**আরডিএ, বগুড়া:**
একাডেমির সাংগঠনিক কাঠামোতে পদ সৃজন ও চাকুরী প্রবিধামালা সংশোধনের প্রস্তাবনা তৈরীর লক্ষ্যে একটি কমিটি গঠনপূর্বক কমিটির কার্যক্রম চলমান আছে এবং একাডেমির আইন সংশোধনের প্রস্তাবনা প্রফেশনাল দ্বারা তৈরীর কাজ চলমান আছে।

**বাপার্ড, গোপালগঞ্জ:**
বাপার্ডে জনবল বৃদ্ধির লক্ষ্যে অর্গানোগ্রাম সংশোধনের জন্য বাপার্ড- এর স্মারক নং ৭৩; তারিখ: ০৬/০২/২০২০ খ্রি: মূলে পউস বিভাগে (৪৮০+৩৮)=৫১৮ টি পদের সুপারিশ করে প্রস্তাব প্রেরণ করা হয়। এ প্রেক্ষিতে জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রক্রিয়া সম্পন্ন করণপূর্বক ২১ ক্যাটাগরির ৫৩টি পদের পাওয়া গিয়েছে। পদগুলো প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে অনুমোদনের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে সচিব কমিটিতে প্রেরণ করা হয়েছে। যা অনুমোদনের প্রক্রিয়া চলমান রয়েছে।

**পিডিবিএফ:**
পিডিবিএফ-এর লক্ষ্য এবং উদ্দেশ্যের আলোকে প্রাতিষ্ঠানিক কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনা ও সম্পাদনের লক্ষ্যে পদসোপান সহযোগে প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের জন্য একটি কার্যোপযোগী সাংগঠনিক কাঠামো প্রণয়নকল্পে প্রয়োজনীয় অনুশীলন ও মতবিনিময় সম্পন্নকরণ সাপেক্ষে পরিচালনা পর্ষদের ৮৬তম সভায় একটি খসড়া প্রস্তাবনা উপস্থাপন করা হয়। উপস্থাপিত পিডিবিএফ-এর সংগঠন ও সরঞ্জাম তালিকা (Table of Organization & Equipment) অনুপুঙ্খভাবে যাচাই-বাছাইপূর্বক পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনকল্পে সম্মানিত বোর্ড সদস্য ও অবসর প্রাপ্ত যুগ্মসচিব জনাব মোঃ ওয়াহেদুন্নবী সরকার-কে আহবায়ক করে ০৪ (চার) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। কমিটির সুপারিশসহ এ সংক্রান্ত প্রস্তাবনা ৯০তম বোর্ড সভায় উপস্থাপিত হয়। ৯০তম বোর্ড সভার সিদ্ধান্তের আলোকে সংগঠন ও সরঞ্জাম তালিকা ৯১তম বোর্ড সভায় উপস্থাপিত হলে সম্যক পর্যালোচনাক্রমে সিদ্ধান্তের জন্য বিগত ০৮/০৪/২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য ৯২তম বোর্ড সভায় সংগঠন ও সরঞ্জাম তালিকা (Table of Organization & Equipment) উপস্থাপিত হয়। পিডিবিএফ বোর্ড অব গভর্নর্স-এর ৯২তম বোর্ড সভায় উপস্থাপিত সংগঠন ও সরঞ্জাম তালিকা (Table of Organization & Equipment) সদয় অনুমোদিত হয়।
৮৫তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মচারী চাকরি প্রবিধানমালা-০৪/২০২১-এর প্রকাশিত গেজেটে যে বিষয়গুলো পিডিবিএফ আইন, ১৯৯৯-এর সাথে সংগতিপূর্ণ নয় মর্মে পরিলক্ষিত হচ্ছে, তা বিয়োজন/সংশোধন/সংযোজন/সংশোধনপূর্বক প্রয়োজনীয় বিষয়াবলী প্রবিধানে সন্নিবেশ করে "পিডিবিএফ কর্মচারী চাকরি প্রবিধানমালা-৫/২০২২"-এর খসড়া প্রণয়নপূর্বক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রস্তাবনা ৮৬ তম বোর্ড সভায় উপস্থাপিত হয়। উপস্থাপিত "পিডিবিএফ কর্মচারী চাকরি প্রবিধানমালা-৫/২০২২" অনুপুঙ্খভাবে যাচাই-বাছাইপূর্বক পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনকল্পে সম্মানিত বোর্ড সদস্য ও অবসর প্রাপ্ত যুগ্মসচিব জনাব মোঃ ওয়াহেদুন্নবী সরকার-কে আহবায়ক করে ০৪ (চার) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। গঠিত কমিটির সমন্বয়ে ৪টি সভা অনুষ্ঠিত হয়। ৯০তম বোর্ড সভায় কমিটির রিপোর্ট উপস্থাপিত হলে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মডেল প্রবিধানমালা অনুসরণে পিডিবিএফ কর্মচারী চাকরি প্রবিধানমালা-৫/২০২৩ এর খসড়া প্রস্তুত করে পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। ৯১ তম বোর্ড সভায় মডেল প্রবিধানমালা অনুসারে পিডিবিএফ কর্মচারী চাকরি প্রবিধানমালা-৫/২০২৩ উপস্থাপিত হলে বোর্ড সভায় তা প্রাথমিকভাবে পর্যালোচনা করা হয়। সম্যক পর্যালোচনাক্রমে সিদ্ধান্তের জন্য পিডিবিএফ কর্মচারী চাকরি প্রবিধানমালা-৫/২০২৩ বিগত ০৮/০৪/২০২৩ তারিখে অনুষ্ঠিত ৯২তম বোর্ড সভায় উপস্থাপিত হয়। "পিডিবিএফ কর্মচারী চাকরি প্রবিধানমালা-৫/২০২৩" ৯২তম বোর্ড সভায় সদয় অনুমোদিত হয়। বোর্ড কর্তৃক অনুমোদিত প্রবিধানমালাটি ২৫ মে, ২০২৩ তারিখে গেজেট আকারে প্রকাশিত হয়।

**এসএফডিএফ:**
সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ, পদ সৃজন, পদ স্থায়ীকরণ ও জনবল সংক্রান্ত কার্যক্রম নিয়মিত হালনাগাদ করা হয়।

**মিল্ক ভিটা:**
মিল্ক ইউনিয়নের কার্যক্রমে গতিশীলতা ও জবাবদিহিতা আনয়নের লক্ষ্যে অর্গানোগ্রাম/জনবল কাঠামো-২০২০ ও নিয়োগ নীতিমালা-২০০৮ (সংশোধিত-২০০৯) সংশোধন করে যুগোপযোগী করে পুন:প্রণয়নের জন্য স্মারক নং-মিই/প্রশা-৩২/১২(০৪)/২০১৯/৫৪৫ তারিখ:২৮/০৩/২০২২ খ্রি: মোতাবেক ১১ (এগার) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির কার্যক্রম চলমান রয়েছে।

৫. **অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত:**

**এ বিভাগ:**

| শাখা/ অধিশাখার নাম | বিগত মাসে অনিষ্পন্ন পত্রের সংখ্যা | বিবেচ্য মাসে আগত পত্রের সংখ্যা | মোট পত্রের সংখ্যা (২+৩) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত পত্র সংখ্যা | বর্তমানে মোট অনিষ্পন্ন পত্র (৪-৫) | পেন্ডিং তালিকা: ০১ মাসের কম | পেন্ডিং তালিকা: ০১ মাসের অধিক | পেন্ডিং তালিকা: ০৩ মাসের অধিক | পেন্ডিং তালিকা: ০১ বছরের অধিক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| প্রশাসন-১ | - | ১১১ | ১১১ | ১১১ | - | - | - | - | - | - |
| প্রশাসন অধিশাখা-২ | - | ৫৯ | ৫৯ | ৪৯ | ১০ | - | - | - | - | নথিতে উপস্থাপিত পত্রের সংখ্যা ১০ টি |
| বাজেট-১ | - | ২১ | ২১ | ২১ | - | - | - | - | - | - |
| বাজেট-২ | - | ২ | ২ | ২ | - | - | - | - | - | - |
| পরিকল্পনা-১ | - | ১৬ | ১৬ | ১৬ | - | - | - | - | - | - |
| পরিকল্পনা-২ | - | ৩৬ | ৩৬ | ৩৪ | ৩ | - | - | - | - | - |
| পরিকল্পনা-৩ | - | ১২ | ১২ | ১২ | - | - | - | - | - | - |
| পরিকল্পনা-৪ | - | ৪৩ | ৪৩ | ৪৩ | - | - | - | - | - | - |
| পরিকল্পনা-৫ | - | ২১ | ২১ | ২১ | - | - | - | - | - | - |
| পরিকল্পনা-৬ | - | ৮ | ৮ | ৮ | - | - | - | - | - | - |
| উন্নয়ন শাখা | - | ৫৩ | ৫৩ | ৫০ | - | - | - | - | - | - |
| প্রতিষ্ঠান-১ | - | - | ৭৪ | ৭৪ | - | - | - | - | - | - |
| প্রতিষ্ঠান-২ | - | ২২ | ২২ | ২২ | - | - | - | - | - | - |
| আইন শাখা | - | ২৭ | ২৭ | ২৭ | - | - | - | - | - | - |
| এপিএ শাখা | - | ১২ | ১২ | ১২ | - | - | - | - | - | - |
| আইসিটি ইউনিট | - | ১২ | ১২ | ১২ | - | - | - | - | - | - |

**অধীন দপ্তর/সংস্থা:**

**বিআরডিবি:**

অনিষ্পন্ন বিষয়ের হালনাগাদ ছক পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে পাওয়া গেলে নতুনভাবে তথ্য উপস্থাপন করা হবে।

বিআরডিবি'র প্রতিমাসের অনিষ্পন্ন বিষয়াদির তথ্য নির্ধারিত ছকে যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। সর্বশেষ জুন/২০২৩ মাসের অনিষ্পন্ন বিষয়ের তালিকা নিম্নোক্ত ছকে স্মারক নং-৪৭.৬২.০০০০.১০২.১৬.০০৪.২২.৭৪৮৬ তারিখ: ০৪/০৭/২০২৩ মূলে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

**জুন, ২০২৩ মাসে বিআরডিবি'র অনিষ্পন্ন বিষয়াদির বিরবণ**

| বিগত মাসে অনিষ্পন্ন পত্রের সংখ্যা | বিবেচ্য মাসে আগত পত্রের সংখ্যা | মোট পত্রের সংখ্যা | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত পত্রের সংখ্যা | বর্তমানে মোট অনিষ্পন্ন পত্র | পেন্ডিং তালিকা: ০১ মাসের কম | পেন্ডিং তালিকা: ০১ মাসের অধিক | পেন্ডিং তালিকা: ০৩ মাসের অধিক | পেন্ডিং তালিকা: ০১ বছরের অধিক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৮৫ | ১৪২৪ | ১৫০৯ | ১৪৩১ | ৭৮ | ৬১ | ১৭ | - | - | - |

বিআরডিবি হতে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে মাসিক প্রতিবেদনসহ অন্যান্য তথ্য যথাসময়ে প্রেরণ করা হয়। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে মাসিক প্রতিবেদন প্রেরণে কোন জটিলতা সৃষ্টি না হয় সেলক্ষ্যে প্রতিবেদন/তথ্য প্রেরণ পরিকল্পনা করা হয়েছে।

**সমবায় অধিদপ্তর:**

| গত মাসের মোট পেন্ডিং বিষয় | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত বিষয় | বিবেচ্য মাসে আগত | পেন্ডিং তালিকা: ০১ মাসের অধিক | পেন্ডিং তালিকা: ০৩ মাসের অধিক | পেন্ডিং তালিকা: ০১ বছরের অধিক |
|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ |
| সমবায় অধিদপ্তরের স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৪.০১৮.০৯.২০১৫. জি-১৯৩৭-এ/ও, তারিখ-০১/১২/২০২১ মূলে সমবায় অধিদপ্তরের নবসৃষ্ট গাড়ি চালকের ৩৩ (তেত্রিশ) টি পদে বেতন স্কেল নির্ধারণ। | - | - | ০১ | - | - |

**বার্ড, কুমিল্লা:**

বার্ড, কুমিল্লার কোন অনিষ্পন্ন বিষয় নেই।

**আরডিএ, বগুড়া:**

আরডিএ'র কোন অনিষ্পন্ন বিষয় নেই। ছক অনুযায়ী শূন্য প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।

**বাপার্ড, গোপালগঞ্জ:**

শূন্য প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।

**পিডিবিএফ:**

যে সকল বিষয় অনিষ্পন্ন রয়েছে সে সকল বিষয় নিষ্পন্নের দুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং চাহিত তথ্যাদি যথাসময়ে প্রেরণ করা হচ্ছে।

**এসএফডিএফ:**

ছক অনুযায়ী তথ্যাদি নিম্নরূপ:

| সংস্থার নাম | বিবেচ্য মাসে আগত | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত বিষয় | গত মাসের মোট পেন্ডিং বিষয় | পেন্ডিং তালিকা: ০১ মাসের অধিক | পেন্ডিং তালিকা: ০৩ মাসের অধিক | পেন্ডিং তালিকা: ০১ বছরের অধিক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| এসএফডিএফ | ৯৫১ | ৯৫১ | - | | - | - | - |

**মিল্ক ভিটা:**

কোন অনিষ্পন্ন বিষয়াদি নাই।

**অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত:**

**ক)** সকল শাখা/সংস্থাকে অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত তথ্য নির্ধারিত ছকে যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

**খ)** এ বিভাগের বিভিন্ন শাখায় অনিষ্পন্ন পত্র/প্রস্তাব/ডিপিপি সংক্রান্ত কার্যক্রম আগামী সভার পূর্বে নিষ্পন্ন করে সভায় বাস্তবায়ন প্রতিবেদন নির্ধারিত ছকে দাখিল করতে হবে এবং নিয়মিতভাবে শাখা পরিদর্শন করে প্রতিবেদন উপস্থাপন করতে হবে।

সকল দপ্তর/সংস্থা এবং সকল শাখা/অধিশাখা/ অনুবিভাগ, এ বিভাগ

<table>
<tr>
<td>৬.</td>
<td><u>এপিএ/জিআরএস/এনআইএস/সিটিজেন চার্টার বাস্তবায়ন সংক্রান্ত:</u><br><u>এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থা:</u><br>(ক) ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এবং জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) এর অগ্রগতি প্রতিবেদন ও প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>২০২৩-২০২৪ অর্থবছরের এপিএ এবং এনআইএস এর কার্যক্রম চলমান রয়েছে।<br>(খ) পরবর্তী সভায় এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ওয়েব সাইটের হালনাগাদকরণ নিশ্চিত করতে হবে এবং প্রতিবেদন উপস্থাপন করতে হবে (সিটিজেন চার্টাড; ই-মেইল)।</td>
<td><u>এপিএ/জিআরএস/এনআইএস/সিটিজেন চার্টার বাস্তবায়ন সংক্রান্ত:</u><br>ক)<br>এপিএ/জিআরএস/এনআইএস/ সিটিজেন চার্টার সহ সকল প্রতিবেদন যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে এবং কোয়ার্টার ভিত্তিক এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন নিশ্চিত করতে হবে।<br>খ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/প্রকল্পের ওয়েবসাইটে কর্মকর্তাদের নামের তালিকায় সংযোজিত ইমেইল সরকারি ইমেইল নীতিমালা ২০১৮ অনুযায়ী হালনাগাদকরণ নিশ্চিত করতে হবে।</td>
<td>সংশ্লিষ্ট কমিটি, ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এ বিভাগ এবংদপ্তর/সংস্থা (সকল)</td>
</tr>
<tr>
<td>৭.</td>
<td><u>সমবায় অধিদপ্তরের ঋণ আদায় সংক্রান্ত:</u><br>বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড(বাজামসস) এর পক্ষ হতে ঋণ খেলাপীদের বিরুদ্ধে ১৪০টি সার্টিফিকেট মামলা দায়ের করা হয়েছে এর মধ্যে ০৩টি মামলার রীট হয়েছে এবং ৪০টি ফৌজদারী মামলা দায়ের হয়েছে। দায়েরকৃত মামলাসমূহের মনিটরিং বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড কর্তৃপক্ষ কর্তৃক চলমান রয়েছে। তাছাড়া বাজামসস এর ঋণ আদায়কারী কর্তৃক ঋণ আদায়ের সর্বাত্নক প্রচেষ্টা অব্যাহত রয়েছে। সার্টিফিকেট মামলা করার ফলে পূর্বের তুলনায় আদায় বৃদ্ধি পেয়েছে। ০৮টি সার্টিফিকেট মামলার শুনানী হয়েছে। সার্টিফিকেট মামলা বাবদ ২,৭৬,৯৯৭/- খরচ হয়েছে। ঋণ আদায় প্রক্রিয়া অব্যাহত রয়েছে। ঋণ আদায়ের শতকরা হার ৩.৩৩%।
<table>
<tr><td>০১</td><td>০২</td><td>০৩</td><td>০৪</td><td>০৫</td><td>০৬</td><td>০৭</td></tr>
<tr><td>০১</td><td>নৌকা খাত</td><td rowspan="2">১,০৭,১৬,৪৭,৬০০/-</td><td>২,৩৩,০২,৫১০/-</td><td>৯,৮০০/-</td><td>২,৩৩,১২,৩১০/-</td><td rowspan="2">১০৩,৫৮,৬৩,৩২৮/-</td></tr>
<tr><td>০২</td><td>নিজস্ব স্থাপনার বিনিয়োগ খাত</td><td>১,২৪,৭১,৯৬২/-</td><td>-</td><td>১,২৪,৭১,৯৬২/-</td></tr>
<tr><td></td><td>সর্বমোট</td><td>১,০৭,১৬,৪৭,৬০০/-</td><td>৩,৫৭,৭৪,৪৭২/-</td><td>৯,৮০০/-</td><td>৩,৫৭,৮৪,২৭২/-</td><td>১০৩,৫৮,৬৩,৩২৮/-</td></tr>
</table>
বিগত ২৯/১২/২০২২ খ্রিঃ তারিখে অর্থ বিভাগের অতিরিক্ত সচিব (টিডিএম) মহোদয়ের সভাপতিত্বে বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড কর্তৃক বাস্তবায়িত 'জরুরী পুনর্বাসন প্রকল্প' এর বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী দলিল ও তথ্যাদি এ দপ্তরে প্রেরণের জন্য সভাপতি, বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড কে পত্র দেয়া হয়েছে। তৎপ্রেক্ষিতে সমিতি কর্তৃক প্রেরিত তথ্যাদি হতে দেখা যায়, জরুরী পুনর্বাসন প্রকল্প সংক্রান্ত মামলাসমূহের বাদী/বিবাদীর বিস্তারিত বিবরণসহ মামলার সর্বশেষ আদেশের কপি এ দপ্তরে প্রেরণ করা হয়নি। পরবর্তীতে প্রকল্প সংক্রান্ত মামলাসমূহের বাদী/বিবাদীর বিবরণসহ মামলার সর্বশেষ আদেশের কপি ও প্রকল্প সংক্রান্ত সকল রীট মামলার বিস্তারিত বিবরণ ও সর্বশেষ আদেশের কপি জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য এ দপ্তরের স্মারক নম্বর-২৭১, তারিখ- ০৯/০৪/২০২৩ মূলে সভাপতি, বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড কে পত্র দেয়া হয়েছে। সেপ্রেক্ষিতে সমিতি কর্তৃক দাখিলকৃত দলিলাদি পর্যালোচনায় দেখা যায় ,পূর্বে প্রেরিত একই তথ্যাদি পুনরায় প্রেরণ করা হয়েছে। এ অবস্থায় সমিতি কর্তৃপক্ষকে সঠিকভাবে তথ্য প্রেরণের জন্য পুনরায় এ দপ্তরের স্মারক নম্বর ২৮২, তারিখ: ০৮.০৫.২০২৩ খ্রিষ্টাব্দ মূলে পত্র দেয়া হয়। তৎপ্রেক্ষিতে সমিতি কর্তৃক প্রেরিত দলিল ও তথ্যাদি এ দপ্তরের স্মারক নম্বর-৩১৭, তারিখ: ২৬/০৬/২০২৩ মূলে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়া উক্ত প্রকল্পের ঋণ অবলোপন (write off) বা মওকুফের প্রস্তাবের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ এবং এ বিষয়ে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইতোপূর্বে সভাপতি, বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটড কে পত্র দেয়া হয়েছে।</td>
<td><u>সমবায় অধিদপ্তরের ঋণ আদায় সংক্রান্ত:</u><br><br>সমবায় অধিদপ্তর কর্তৃক মৎস্যজীবী সমবায় সমিতির ঋণ আদায়ের ক্ষেত্রে এ পর্যন্ত কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা পূর্নাঙ্গ একটি প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করতে হবে।</td>
<td>অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) এবং নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর</td>
</tr>
<tr>
<td>৮.</td>
<td>Integrated Digital Service Delivery Platform (IDSDP) System:<br><u>এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থা:</u><br>পার্ট-১ (১৪৪টি) ফিচার ৬টি সিস্টেম এর পাইলটিং দপ্তর/সংস্থায় চলমান রয়েছে। দপ্তর/সংস্থার প্রধানগণ এ বিভাগকে অবহিত করতে পারেন।<br>পার্ট-২ (১২৪টি) ফিচার ৬টি সিস্টেম এর UAT (User Accept Test) কর্মশালার সময় ও তারিখ নির্ধারণের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। কর্মশালার তারিখ ও সময় নির্ধারিত হলে সমবায় অধিদপ্তরে ০২ (দুই) দিন ব্যাপি কর্মশালা আয়োজন করা হবে।</td>
<td>System এর বাস্তবায়ন অগ্রগতি প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>সিস্টেম এনালিস্ট, এ বিভাগ</td>
</tr>
</table>

<table>
<tr><td></td><td>৬টি সিস্টেম এর পার্ট-১ (১৪৪টি) ফিচার এবং পার্ট-২ (১২৪টি) ফিচার মূল্যায়নপূর্বক উক্ত সভার কার্যবিবরণী এ বিভাগে প্রেরণ করবে।</td><td></td><td></td></tr>
<tr><td>৯.</td><td><u>ই-ফাইল কার্যক্রম বাস্তবায়ন :</u><br><u>এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থা:</u><br>এ বিভাগের অধীন দপ্তর/সংস্থায় ডি-নথি ব্যবহার করছে।<br>বাংলাদেশ সমবায় একাডেমিতে ডি-নথি চালু করা হয়েছে।<br>ই-নথির কারিগরি সমস্যার কারণে ই-নথির মাসিক প্রতিবেদন ডাউনলোড করা সম্ভব হচ্ছে না। সমস্যাটি সমাধান হলে সভায় মাসিক প্রতিবেদন উপস্থাপন করা হবে।</td><td>ক) এ বিভাগের অধীন দপ্তর/সংস্থার ই/ডি-নথি সংক্রান্ত মাসিক প্রতিবেদন নিয়মিত এ সভায় উপস্থাপন করতে হবে।<br>খ) বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এবং সমবায় একাডেমিতে ই/ডি-নথি চালু করতে হবে।</td><td>সিস্টেম এনালিস্ট, এ বিভাগ এবং দপ্তর/সংস্থা (সকল)</td></tr>
<tr><td>১০.</td><td><u>অভ্যন্তরীণ প্রশিক্ষণ:</u><br><u>এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থা:</u><br>২০২৩-২৪ অর্থবছরের জন্য ইতোমধ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বাৎসরিক ক্যালেন্ডার প্রস্তুতের লক্ষ্যে এ বিভাগের অনুবিভাগ/অধিশাখা/শাখা হতে যে সকল বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করা প্রয়োজন তার ছক (প্রশিক্ষণ চাহিদা ফরম) সকল শাখা অধিশাখায় প্রেরণ করা হয়েছে। ছক অনুযায়ী প্রশিক্ষণের চাহিদা (৩১/০৭/২০২৩ তারিখের মধ্যে) পাওয়ার পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।</td><td>আবশ্যক প্রশিক্ষণসমূহ যথাসময়ে আয়োজন/সম্পাদন নিশ্চিত করতে হবে এবং ২টি সেমিনার আয়োজন করতে হবে।</td><td>প্রশাসন শাখা-১ ও সংশ্লিষ্ট অধিশাখা/শাখা ও সংশ্লিষ্ট দপ্তর</td></tr>
<tr><td>১১.</td><td>বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর ২০২২-২৩ অর্থ বছরের এপ্রিল, ২০২৩ ও জুন, ২০২৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী:<br>১. ২০২২-২৩ অর্থ বছরের মে, ২০২৩ মাসের আয়-ব্যয়;
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>মোট আয়</th><th>মোট ব্যয়</th><th>অতিরিক্ত ব্যয়</th><th>প্রকৃত আদায়</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১.</td><td>৭৭,২৭,৫১০.৯৫ টাকা</td><td>১,৩৬,৯১,১৬২.৩৮ টাকা</td><td>৫৯,৬৩,৬৫১.৪৩ টাকা</td><td>১,২২,১২,২৪৭.৬৯ টাকা</td><td>-</td></tr>
</table>
২. ২০২২-২৩ অর্থ বছরের জুন, ২০২৩ মাসের আয়-ব্যয়;
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>মোট আয়</th><th>মোট ব্যয়</th><th>উদ্বৃত্ত</th><th>প্রকৃত আদায়</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১.</td><td>৬,৫২,৩০,৪৫০.২১ টাকা</td><td>২,৮৩,৩৩,৪৮৩.২৮ টাকা</td><td>৩,৬৮,৯৬,৯৬৬.৯৩ টাকা</td><td>২,৯৬,৭৯,৮৫৮.৮৫ টাকা</td><td>-</td></tr>
</table>
৩. ২০২২-২৩ অর্থ বছরের জুলাই, ২০২২ হতে জুন, ২০২৩ পর্যন্ত আয়-ব্যয়;
<table>
<tr><th>ক্র: নং</th><th>মোট আয়</th><th>মোট ব্যয়</th><th>উদ্বৃত্ত</th><th>প্রকৃত আদায়</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১.</td><td>২০,০৬,২৬,৯৪৮.৫৭ টাকা</td><td>১৭,৯৭,১৮,১৮৬.২৫ টাকা</td><td>২,০৯,০৮,৭৬২.৩২ টাকা</td><td>১৮,১৮,৩৭,২৭৬.৯৬ টাকা</td><td>-</td></tr>
</table></td><td>বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড এর আয়-ব্যয়ের হিসাব প্রতি মাসে উপস্থাপন করতে হবে।</td><td>মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড</td></tr>
<tr><td>১২.</td><td>আন্তঃএকাডেমির মধ্যে জনবল বদলি, পদোন্নতির লক্ষ্যে করণীয় নির্ধারণের জন্য নিয়োগকৃত পরামর্শক কর্তৃক চূড়ান্ত প্রতিবেদন এখনও পাওয়া যায়নি। চূড়ান্ত প্রতিবেদন দ্রুততম সময়ের মধ্যে প্রেরণের জন্য পরামর্শককে জানিয়ে দেয়া যেতে পারে।</td><td>খ) আন্তঃএকাডেমির মধ্যে জনবল বদলি, পদোন্নতির লক্ষ্যে করণীয় নির্ধারণের জন্য নিয়োগকৃত পরামর্শক কর্তৃক প্রতিবেদন দ্রুততম সময়ের মধ্যে প্রেরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td><td>অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট), উপসচিব (প্রশাসন)</td></tr>
<tr><td>১৩.</td><td>এ বিভাগ এবং সমবায় অধিদপ্তর এর কর্মকর্তাগণ myGov system ব্যবহার করছে। তবে অন্যান্য সকল দপ্তর/সংস্থা যেহেতু ডি-নথি ব্যবহার করছে তারা এখন myGov system ব্যবহার করতে পারবে না। এখন পর্যন্ত ডি-নথির সাথে ইন্টিগ্রেশনের কাজ সম্পন্ন করা হয় নাই।<br>এ বিভাগের জুলাই, ২০২৩ মাসের প্রাপ্ত আবেদন এবং নিষ্পত্তির সংখ্যা আগামী সভায় উপস্থাপন করতে হবে।</td><td>গ) বিভাগ/দপ্তর/সংস্থার কর্মকর্তা/ কর্মচারীবৃন্দের নাগরিক ও অভ্যন্তরীণ সেবার আবেদনসমূহ ই-নথি এবং হার্ড ফাইলে প্রেরণ না করে শুধুমাত্র myGov system-এর মাধ্যমে প্রেরণ নিশ্চিত করতে হবে।</td><td>সিস্টেম এনালিস্ট, এ বিভাগ এবং দপ্তর/সংস্থা (সকল)</td></tr>
<tr><td>১৪.</td><td>সমাপ্ত প্রকল্পের যানবাহন সংক্রান্ত তথ্যাদি প্রেরণের জন্য গত ০৪/০৭/২০২৩ তারিখে দপ্তর/সংস্থাসমূহে পত্র প্রেরণ করা হয়। ইতোমধ্যে সমবায় অধিদপ্তর, বার্ড, কুমিল্লা এবং মিল্ক ভিটা হতে তথ্যাদি পাওয়া গিয়েছে। অন্যান্য দপ্তর/সংস্থা হতে এখনও কোন তথ্যাদি পাওয়া যায়নি। গত ২৬/০৭/২০২৩ তারিখে বর্ণিত বিষয়ে তাগিদপত্র দেয়া হয়েছে।</td><td>ঘ) সমাপ্ত প্রকল্পের গাড়ি সংক্রান্ত তথ্যাদি ০৩ (তিন) দিনের মধ্যে প্রেরণ করতে হবে।</td><td>-</td></tr>
<tr><td>১৫.</td><td>০৫ আগস্ট ২০২৩ তারিখে বাংলাদেশের আধুনিক ক্রীড়াঙ্গনের অন্যতম পথিকৃৎ বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এর ৭৪তম জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে এক আন্তঃমন্ত্রণালয় সভা গত ১২/০৭/২০২৩ খ্রি: তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত কার্যবিবরণীর আলোকে প্রণীত কর্মসূচি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রেরণ করা হয়েছে। বর্ণিত কর্মসূচি অনুযায়ী এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থা সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথ বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা হয়।</td><td>ঙ) ০৫ আগস্ট ২০২৩ তারিখে বাংলাদেশের আধুনিক ক্রীড়াঙ্গনের অন্যতম পথিকৃৎ বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এর ৭৪তম জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) মহোদয় ০১/০৮/২০২৩ তারিখে সভা করে এ বিভাগের কর্মসূচি</td><td>এ বিভাগ এবং দপ্তর/সংস্থা (সকল)</td></tr>
</table>

১৬. **বিবিধ আলোচনা:**

সভাপতি উপস্থিত সংশ্লিষ্ট অনুবিভাগ/সংস্থা প্রধানগণকে নিম্নোক্ত বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন:

ক) বৈদেশিক অর্থায়নে যে সকল প্রকল্প বাস্তবায়িত হবে এমন প্রকল্প প্রস্তাবনাসমূহ দ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে;

খ) জনগণের আর্থ-সামাজিক উন্নয়নে ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কার্যকর প্রকল্পগুলি দ্রুত অনুমোদন ও বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে;

গ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উন্নয়ন কার্যক্রমের বিষয়ে বেতার, টেলিভিশন তথা মিডিয়ায় প্রচারের ব্যবস্থা করতে হবে যাতে সুফলভোগী জনগণ তা অবগত হতে পারে। এ বিষয়ে তথ্য ও গণযোগাযোগ অধিদপ্তরের সহায়তা নেয়া যেতে পারে;

ঘ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/প্রতিষ্ঠানসমূহ আগামী ৬ মাসের কর্ম-পরিকল্পনা প্রস্তুত করবেন এবং যথাসময়ে বাস্তবায়নের রূপরেখা উপস্থাপন করবেন;

ঙ) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নে গৃহিত পদক্ষেপসমূহ অত্র বিভাগকে অবহিত করতে হবে;

চ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাধ্যমে সরকারের গৃহিত অর্জন বুকলেট আকারে প্রকাশ করতে হবে;

ছ) যথাসময়ে প্রতিটি সংস্থা/দপ্তর/ডেস্ক দাপ্তরিক কার্য সম্পাদনে অধিকতর দায়িত্বশীল হবেন; এবং

জ) বিভাগ/দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের কাজ ও শৃঙ্খলায় ব্যত্যয় হয় এরূপ কাজ হতে সতর্ক থাকতে হবে।

অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১০/০৮/২০২৩
(মোসাম্মৎ হামিদা বেগম)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

২৬ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩১.০৬.০১৪.২২-৮৫৮ তারিখঃ ----------------------------

১০ আগস্ট, ২০২৩ খ্রিস্টাব্দ

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক (গ্রেড-১), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)/(পরিকল্পনা ও উন্নয়ন)/(আইন ও প্রতিষ্ঠান), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৩. নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা।
৫. মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।
৬. প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি-৩য় পর্যায়) প্রকল্প, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
৭. মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ।
৮. যুগ্মসচিব (উন্নয়ন/আইন ও প্রতিষ্ঠান), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিল্ক ইউনিয়ন), ঢাকা।
১০. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), বাড়ি নং-০৫, এভিনিউ-০৩, রূপনগর, মিরপুর, ঢাকা।
১১. ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা।
১২. উপসচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৩. মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লি:, ৯/ডি, মতিঝিল, ঢাকা-১০০০।
১৪. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৫. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সিএএফও), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১৬. প্রোগ্রামার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবক্ষেণ প্রকৌশলী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৮. হিসাবরক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি কার্যার্থে/জ্ঞাতার্থে:

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। **মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য।**
২. উপসচিব (প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৩. সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। **সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।**
৪. সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। **ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।**

(মোহাম্মদ মিজানুর রহমান)
উপসচিব
ফোনঃ +৮৮-০২-২২৩৩৯০৬৪৬
(e-mail: admin1.section@rdcd.gov.bd)